

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১২, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শাখা-৮।

প্রজ্ঞাপন

তারিখ, ১০ই এপ্রিল ২০০১/২৭শে চৈত্র ১৪০৭

এস.আর.ও নং ৮৯-আইন/২০০১/শ্রকম-৮/৮(১)/২০০০—যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E.P.Ord.No.XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর Section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র মন্ত্রণালয়ের ১৩-৮-৯৯ ইং তারিখের প্রজ্ঞাপন নং এস.আর.ও ৭৩-আইন/৯৯-শ্রকম-৮/৮(২)/৯৯ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করা হইয়াছে এবং উক্ত ঘোষণা অত্র মন্ত্রণালয়ের ২৬শে আশ্বিন, ১৪০৬ বাংলা মোতাবেক ১১ই অক্টোবর, ১৯৯৯ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন নং এস.আর.ও ৩০৮-আইন/৯৯-শ্রকম-৮/৮(২)/৯৯ দ্বারা ১২-১০-৯৯ ইংরেজী তারিখ হইতে আরও ৬(ছয়) মাসের জন্য এবং ১১-৮-২০০০ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন নং এস.আর.ও ৯০/আইন/২০০০ শ্রকম-৮/৮(১)/২০০০ দ্বারা দ্বিতীয়বার ১২-৮-২০০০ ইংরেজী তারিখ হইতে ৬(ছয়) মাসের জন্য এবং ১২-১০-২০০০ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন নং এস.আর.ও নং ৩০৯-আইন/শ্রকম-৮/৮(১)/২০০০ দ্বারা তৃতীয়বার ১২-১০-২০০০ ইংরেজী তারিখ হইতে আরও ৬(ছয়) মাসের জন্য বৃক্ষি করা হইয়াছে;

এবং

যেহেতু উক্ত কর্তৃপক্ষদ্বয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান ;

(১৩২৭)

মূল্য টাকা : ১.০০

সেহেতু সরকার উক্ত section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে এই মর্মে ঘোষণা করিল যে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও বাংলাদেশ বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance আগামী ১২-৮-২০০১ ইংরেজী তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) আরও ৬ (ছয়) মাস প্রযোজ্য হইবে।

• রাষ্ট্রপতির আদেশক্রমে

এম এম আব্দুল মান্নান

উপ-সচিব (শ্রম)।

---

মোঃ আব্দুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
 মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফটোমস্ ও প্রকাশনী অফিস,  
 তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।